

Times Today BD

আল কারিয়া চৌধুরী | দেশজুড়ে | 02 May, 2025

জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার বাগজানা এলাকায় জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে সাবেক এক বিজিবি সদস্যকে মারধরের অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে। এ ঘটনায় সাবেক বিজিবি সদস্য বাদি হয়ে পাঁচবিবি থানায় একটি লিখিত অভিযোগ করেছেন।

পাঁচবিবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মইনুল ইসলাম অভিযোগের বিষয়টি নিশ্চিত করেছেন।

থানায় অভিযোগ সূত্রে জানা যায়, উপজেলার বাগজানা গ্রামের মৃত আঃ হালিম মুন্সির ছেলে সাবেক বিজিবি সদস্য মোঃ অহিদুজ্জামান লুটু (৪৮)। তিনি পেশায় একজন মাইক্রোবাসের চালক। গত (১ মে) বৃহস্পতিবার গভীর রাতে রংপুর থেকে ভাড়া শেষে বাগজানা গ্যারেজে গাড়ি রাখার এসময় একই এলাকার মৃত সাহার আলীর ছেলে কালু মিয়া (২৫), বুলু মিয়া (৩০), আফজাল হোসেন (৬০) এবং মৃত আমজাদ আলীর ছেলে সাখাওয়াত হোসেন (৫৫) তার পথ রোধ করে। এসময় সাখাওয়াতের হুকুমে অন্যরা অকথ্য ভাষায় গালিগালাজ করে।

এসময় তাকে গাড়ী থেকে টেনে-হিঁচড়ে নামিয়ে বাঁশ ও কাঠের বাটাম দিয়ে বেদম মারধর করে। তখন প্রতিপক্ষের হামলায় গুরুত্বর আহত হলে পরে খবর পেয়ে আমাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চিকিৎসার জন্য ভর্তি করে দেন।

অভিযোগের বিষয়ে সাখাওয়াত হোসেন বলেন, তাদের মধ্যে কি হয়েছে আমি কিছুই জানি না। আমার বিরুদ্ধে তাদের এমন অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। তবে এ ঘটনায় আমাকে উদ্দেশ্য প্রণোদিত ভাবে জরানো হচ্ছে।

ওসি জানান, এ বিষয়ে একটি অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জয়পুরহাট জমিজমা বিজিবি সদস্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: <https://www.timestodaybd.com/across-the-country/1758273628>